



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
প্রকিউরমেন্ট শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১১১.২২.১৬৫.০৯.৭৩

৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের যাবতীয় টেন্ডার প্রক্রিয়া (ওটিএম/ আরএফকিউ) সম্পন্ন করা
প্রসংগে।

সূত্র: (যদি থাকে) ...

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব বাজেটের অর্থায়নে তুলার প্রদর্শনী ও তুলার আইপিএম প্রদর্শনী ক্ষেত্র স্থাপনের লক্ষ্যমাত্রা কার্যালয় ভিত্তিক বরাদ্দ প্রদান করা হয়েছে। তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে তুলা উন্নয়ন বোর্ডের গবেষণা কেন্দ্র ও জোনাল কার্যালয়সমূহের গবেষণা, বীজ উৎপাদন, প্রদর্শনী প্লটসহ যাবতীয় কার্যক্রমের উপকরণ ক্রয়ের টেন্ডার প্রক্রিয়া (ওটিএম/ আরএফকিউ) পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক টেন্ডার আহ্বান পূর্বক মূল্যায়ন সম্পন্ন করে HOPE কর্তৃক অনুমোদনের জন্য নিম্নলিখিত চেকলিস্ট অনুযায়ী সদর দপ্তরে আবশ্যিকভাবে আগামী এপ্রিল/২০২৪ এর মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়সীমার পরে কোন টেন্ডার অনুমোদনের জন্য প্রেরণ করা যাবে না। এতে পরবর্তীতে সমস্যার সৃষ্টি হলে এর দায় সংশ্লিষ্ট অফিস প্রধানকে নিতে হবে। স্ব স্ব অঞ্চলের উপপরিচালকগণ তাঁর আওতাধীন জোন ও খামারসমূহের ক্রয় কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নকরণের কাজ তদারকি করবেন এবং নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।

চেকলিস্ট:

- ১। সংস্থা প্রধান (HOPE) কর্তৃক সংশ্লিষ্ট মালামাল ক্রয় কার্য সম্পাদনের প্রশাসনিক অনুমোদন অথবা অর্থ বরাদ্দের কপি।
- ২। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) এর কপি।
- ৩। কোটেশন (RFQ) এর ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD) বা দরপত্র পিজি-১ এবং উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এর ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD) বা দরপত্র পিজি-৩ ব্যবহার করতে হবে। আদর্শ দরপত্র দলিল (STD) সিপিটিইউ এর ওয়েবসাইটে (<https://cptu.gov.bd/standard-documents.html>) পাওয়া যাবে।
- ৪। নিজস্ব প্যাড ও সীলসহ দরদাতা কর্তৃক দরপত্র দাখিলের কপি।
- ৫। দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতকরণ কমিটি দ্বারা বাজার দর যাচাই পূর্বক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রতিবেদন সংযুক্ত করতে হবে। উল্লেখ, বাজার দর যাচাই পূর্বক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official cost estimate) প্রস্তুত এর জন্য পিপিআর-২০০৮ এর বিধি -১৬ এর উপবিধি (৫ক) অনুসারে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতকরণ কমিটি গঠন করতে হবে।
- ৬। মূল্যায়ন কমিটি কর্তৃক স্বাক্ষরকৃত তুলনামূলক বিবরণী ও সভার কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।
- ৭। দরদাতাগণের যোগ্যতার সমর্থনে হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদকৃত আয়কর প্রত্যয়ন পত্র, ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এবং ব্যাংকের আর্থিক স্বচ্ছতার সনদপত্র সংযুক্ত করতে হবে।

১৪-০৩-২০২৪

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল);

- ২। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল) এবং
৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল)।

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১১১.২২.১৬৫.০৯.৭৩/১ (২)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড এবং
২। তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড।



১৪-০৩-২০২৪
সাবিহা রোকসানা
তুলা উন্নয়ন কর্মকর্তা